

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা

নং- ৩৫. ০১৫. ০০৬. ০০. ০০. ০১৪. ২০১১- ৪২৯


তারিখঃ ১০. ০৯. ২০১৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

অতীব জরুরী প্রয়োজন যেমন: প্রকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা, সড়ক নেটওয়ার্ক বিপর্যয় ব্যতীত সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয়, জোনাল অফিস, সার্কেল অফিস ও জেলা পর্যায়ে সড়ক বিভাগীয় অফিসসমূহ কর্তৃক সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) প্রয়োগের মাধ্যমে কোন কার্য (Work) সম্পাদন করা যাবে না। এলটিএম পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি ৬৪(৪) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধান তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণ করতে হবে। প্রধান প্রকৌশলীর অনুমতি ব্যতীত এলটিএম পদ্ধতিতে কোন কার্য সম্পাদন করা যাবে না। প্রধান প্রকৌশলী কর্তৃক কোন এলটিএম অনুমোদন করা হলে তা ৩(তিন) কার্যদিবসের মধ্যে সড়ক বিভাগকে অবহিত করতে হবে।

০২। এলটিএম পদ্ধতিতে কোন কার্য সম্পাদনের প্রয়োজন হলে ক্রয় প্রক্রিয়া প্রতিযোগিতামূলক ও স্বচ্ছ করার লক্ষ্যে দরপত্রের বিজ্ঞপ্তি আবশ্যিকভাবে স্থানীয় পত্রিকায় সংক্ষিপ্ত আকারে ও সওজ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

০৩। এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।



(মোঃ দেলোয়ার হোসেন)

উপ-সচিব

ফোন : ৯৫১৪০৭৫।

বিতরণ (কার্যার্থে)

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল জোন) সড়ক ও জনপথ অধিদপ্তর (-----)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল সড়ক সার্কেল) সড়ক ও জনপথ অধিদপ্তর (-----)।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ), সড়ক ও জনপথ অধিদপ্তর (-----)।
- ৫। সিস্টেম এনালিস্ট, সড়ক বিভাগ (সড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ৪। অফিস কপি
- ৫। মাস্টার কপি।